



## পাশে শিক্ষিকারা

স্বচ্ছাসেবী সংগঠন 'উত্তর কলকাতা উদয়ের পথে'র সদস্যদের হাতে অক্সিজেন কনসেন্ট্রেটর, মাস্ক এবং কিছু ওষুধপত্র তুলে দেওয়া হল শনিবার। কোভিড রোগীদের পাশে দাঁড়াতে এই উদ্যোগ নিল 'অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার অ্যান্ড হেডমিস্ট্রেস' ও 'মুক্তি'। এদিন হেদুয়া পার্কে অনুষ্ঠানে ছিলেন উত্তর কলকাতা উদয়ের পথে-র সম্পাদক উৎপল চ্যাটার্জি এবং ওয়ার্ড কোঅর্ডিনেটর মীনাক্ষী গুপ্তা। ছিলেন ড. অর্পিতা বন্দ্যোপাধ্যায়, ড. অঞ্জনা শেঠ, মৌসুমি মণ্ডল, বিপাশা বন্দ্যোপাধ্যায় এবং স্বাস্থিক কুণ্ডু-সহ বিশিষ্টরা।